

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুলাই ১৩, ২০১০

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ১৩ই জুলাই, ২০১০/২৯শে আষাঢ়, ১৪১৭

নিম্নলিখিত বিলটি ১২ই জুলাই, ২০১০ (২৮শে আষাঢ়, ১৪১৭) তারিখে জাতীয় সংসদে
উত্থাপিত হইয়াছে :

বা. জা. স. বিল নং ৪০/২০১০

**Bangladesh National Anthem, Flag and Emblem Order, 1972 এর
সংশোধনকল্পে আনীত বিল।**

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে Bangladesh National Anthem, Flag and
Emblem Order, 1972 (P. O. No. 130 of 1972) এর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন Bangladesh National Anthem,
Flag and Emblem (Amendment) Act, 2010 নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

(৭৩৪১)

মূল্য : টাকা ২.০০

২। **P.O. No. 130 of 1972** তে নূতন section এর সন্নিবেশ।—Bangladesh National Anthem, Flag and Emblem Order, 1972 (P. O. No. 130 of 1972) অতঃপর উক্ত Order বলিয়া উল্লিখিত, এর section 4 এর পর নিম্নরূপ একটি নূতন section 4A সন্নিবেশিত হইবে, যথা :—

“4A. Whoever Contravenes any provision of this Order or of any rules made thereunder shall be punishable with imprisonment for a term which may extend to two years or with fine which may extend to Taka ten thousand, or with both.”।

৩। **P.O. No. 130 of 1972** এর section 5 এর প্রতিস্থাপন।—উক্ত Order এর section 5 এর পরিবর্তে নিম্নরূপ section 5 প্রতিস্থাপিত হইবে, যথা :—

“5. The Government may, by notification in the Official Gazette, make rules for carrying out the purposes of this Order.”।

উদ্দেশ্য ও কারণ সম্বলিত বিবরণী

বাংলাদেশের জাতীয় সঙ্গীত, পতাকা ও প্রতীকের যথাযথ ব্যবহার ও মর্যাদা রক্ষার্থে Bangladesh National Anthem, Flag and Emblem Order, 1972 এবং এর আওতায় প্রণীত বিধানাবলীর অমান্যকারীকে যথোপযুক্ত শাস্তি প্রদানের নিমিত্ত উক্ত Order এর সংশোধনের জন্য এই বিল উপস্থাপন করা হইল।

বেগম মতিয়া চৌধুরী
ভারপ্রাপ্ত মন্ত্রী।

আশফাক হামিদ
সচিব।

মোঃ মজিবুর রহমান (যুগ্ম-সচিব), উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ মজিবুর রহমান (যুগ্ম-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd